



বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

৯২ তাজউদ্দিন আহমেদ সরনী, তেজগাঁও, ঢাকা-১২০৮

নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

অত্র বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটির ১ম সভা ২৮ এপ্রিল ২০২১ তারিখ রোজ বুধবার বেলা ১২ ঘটিকা কমিটির আহ্বায়ক মাননীয় উপাচার্য অধ্যাপক মোঃ আবুল কাশেম এর সভাপতিত্বে ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

১. অধ্যাপক ড. সেখ মোঃ মমিনুল আলম, ডীন, ফ্যাকাল্টি অব সাইন্স এন্ড ইঞ্জি., বাটেবি। - সদস্য
২. অধ্যাপক ড. শাহ আলিমুজ্জামান, রেজিস্ট্রার, বাটেবি। - সদস্য
৩. অধ্যাপক ড. নারগীস জাহান আরা, বিভাগীয় প্রধান, রসায়ন বিভাগ, বাটেবি। - সদস্য
৪. অধ্যাপক ড. মোহাম্মদ আলী, আহ্বায়ক, এপিএ কমিটি, বাটেবি। - আমন্ত্রিত সদস্য
৫. মোঃ শামীম ইসলাম, সেকশন অফিসার, আইকিউএসি, ও এপিএ ফোকাল পয়েন্ট, বাটেবি। - সদস্য সচিব


২. সভাপতি মহোদয় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভায় কার্যক্রম শুরু করেন। শুরুতেই সভাপতি মহোদয় ২০২১-২২ বছরের এপিএ বাস্তবায়নে সকলের সহযোগীতা কমনা করেন। সভাপতির নির্দেশক্রমে সভার সদস্য-সচিব ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া সভায় উপস্থাপন করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.১ থেকে ২.১ ক্রমিকের প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত পদ ও ২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা চূড়ান্ত করা হয়। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য ৫টি কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা ও যৌক্তিকতার ভিত্তিতে নিম্নবর্ণিত ০৫টি কার্যক্রম গ্রহণ করা হয়।

১. দুর্নীতি বিরোধী সচেতনতা তৈরী সংক্রান্ত কর্মশালা আয়োজন
২. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি বিরোধী পোস্টার প্রেজেন্টেশন
৩. মাদক বিরোধী র্যালী আয়োজন
৪. বিভিন্ন শাখা/ দপ্তরের কার্যক্রম আকর্ষিক পরিদর্শন
৫. বিশ্ববিদ্যালয়ের সিকিউরিটি শাখায় নিয়োজিত জনবলের প্রশিক্ষণ

৩. সিদ্ধান্তসমূহ:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১.	২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুমোদন।	২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (সংযুক্তি-১) অনুমোদন করা হয়।
২.	২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন।	২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কার্যক্রম যথাযথভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত পদ/ব্যক্তিকে নির্দেশনা প্রদান করা হবে।
৩.	অন্যান্য	অধ্যাপক ড. সেখ মোঃ মমিনুল আলম, ডীন, ফ্যাকাল্টি অব সাইন্স এন্ড ইঞ্জি., বাটেবি কমিটির আহ্বায়ক তথা উপাচার্য মহোদয়ের পক্ষে কমিটির সকল কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ এর দায়িত্ব পালন করবেন।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৮/৪/২১
অধ্যাপক মোঃ আবুল কাশেম
উপাচার্য ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি